



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর, বাগেরহাট পওর বিভাগ, বাপাউবো, বাগেরহাট।

অফিস-৮৮০২৪৭৭৭৫১৬১৯। বাসা-৮৮০২৪৭৭৭৫১০৬৪। মুঠোফোন নং-০১৩১৮২৩৫৭০২। ই-মেইলঃ xen.bwdb.bagerhat@gmail.com




স্মারক নং-ইজারা/২৬৯২

তারিখঃ ২০-০৩-২০২২ খ্রিঃ

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা বাগেরহাট পওর বিভাগ, বাপাউবো, বাগেরহাট-এর আওতাধীন সকল ইজারা প্রত্যাশী ব্যক্তিবর্গের উদ্দেশ্যে জানানো যাচ্ছে যে, ২০১৪-১৫ ইং অর্থ বছরের পর থেকে অত্র দপ্তর থেকে কোন ইজারা চুক্তিপত্র প্রদান করা হয় নি। ২০১৪-১৫ ইং অর্থ বছরে সর্বশেষ ইজারা চুক্তিপত্র প্রদান/নবায়ন করা হয়েছিল তার মেয়াদ বাংলা ১৪২৬ সনের ৩০শে চৈত্র শেষ হয়েছে। বর্তমানে অত্র দপ্তরের অধীন কোন বৈধ ইজারা গ্রহীতা নেই। বিভিন্ন সূত্র মারফত জানা যাচ্ছে যে, কতিপয় অসাধু ব্যক্তিবর্গ অত্র দপ্তরের বিভিন্ন কর্মকর্তার নাম ব্যবহার করে ইজারা গ্রহীতাদের নিকট হতে অর্থ হাতিয়ে নিচ্ছেন। ইজারা প্রত্যাশী সকল ব্যক্তিবর্গের উদ্দেশ্যে জানানো যাচ্ছে যে, আর্থিক লেনদেনের মাধ্যমে ইজারা প্রাপ্তির কোন সুযোগ নেই। বোর্ডের সুনির্দিষ্ট নির্দেশনা পেলে ইজারা কার্যক্রম যথাযথ বিধি মেনে পালন করা হবে এবং প্রকৃত ক্ষতিগ্রস্ত ব্যক্তির অনুকূলে তদন্ত সাপেক্ষে ইজারা প্রদান করা হবে। ইজারা প্রত্যাশী সকল ব্যক্তিবর্গকে কোন রকম আর্থিক লেনদেন না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। ইজারা প্রত্যাশী কোন ব্যক্তি আর্থিক লেনদেন দ্বারা ক্ষতিগ্রস্ত হলে এর দ্বায় কর্তৃপক্ষ নেবে না।

বিশেষভাবে উল্লেখ্য যে, পূর্ব অর্থ বছরের রাজস্ব পরিশোধ ব্যতিরেকে কোন ইজারা চুক্তিপত্র নবায়ন করা হবে না। এছাড়াও অত্র দপ্তরে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীর ইজারা বিষয়ে কোন আর্থিক লেনদেনের সংশ্লিষ্টতা পাওয়া গেলে তার বিরুদ্ধে বিভাগীয় বিচারের সুপারিশ করা হবে।

 20-3-2022

(মোঃ মাসুম বিল্লাহ)

পরিচিতি নং-৯০১২২০০০১

নির্বাহী প্রকৌশলী

ই-মেইলঃ xen.bwdb.bagerhat@gmail.com

অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা পওর সার্কেল, বাপাউবো, খুলনা।
- ৩। পরিচালক, ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৪। পরিচালক, শৃঙ্খলা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ৬। উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (রয়াক), বাপাউবো, খুলনা।
- ৭। উপ-বিভাগীয় প্রকৌশলী, বাগেরহাট/মোল্লাহাট/রায়েন্দা পওর উপ-বিভাগ, বাপাউবো, বাগেরহাট।
- ৮। অফিস কপি।